গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
পরিকল্পনা-২ শাখা

নং- ৩২.০০.০০০০.০৬১.০০৩.২০১৬-০৪ তারিখঃ ১৪/০১/২০২১

বিষয়ঃ পরিদর্শন প্রতিবেদন।

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের গত ২৩/১১/২০২০ তারিখের স্মারক নং- ৩২.০০.০০০০.০১৮.২৫.০১৫.২০১৩-৫০২- এর প্রেক্ষিতে অত্র মন্ত্রণালয়ের যুগ্মসচিব, মোঃ মাহমুদ আলী কর্তৃক গত ২৯/১১/২০২০ তারিখে মহিলা বিষয়ক অধিদপ্তর এর পাবনা জেলায় অবস্থিত উপ-পরিচালক কার্যালয় পরিদর্শন করা হয়। পরিদর্শন প্রতিবেদন নিম্নরূপঃ

২। সফরকালে অতিরিক্ত দায়িত্বে নিয়োজিত উপ-পরিচালক (প্রোগ্রাম অফিসার)-কে অফিসে পাওয়া যায়নি। জানা যায়, তিনি করোনার কারণে বেশ কিছু দিন ধরে আইসোলেশনে আছেন। পরবর্তীতে টেলিফোনে ও ই-মেইলের মাধ্যমে ভিজিডি কর্মসূচী, দরিদ্র মায়ের জন্য মাতৃত্বকাল ভাতা কর্মসূচী, ‘‘কর্মজীবী ল্যাকটেটিং মাদার সহায়তা তহবিল’’ কর্মসূচী, মহিলাদের আত্ম কর্মসংস্থানের জন্য ক্ষুদ্রঋণ কার্যক্রম, স্বেচ্ছাসেবী মহিলা সংগঠন, মহিলা প্রশিক্ষণ কেন্দ্র (WTC) এর চলমান কার্যক্রম সম্পর্কে তথ্য সংগ্রহ করা হয়। যা নিম্নে উল্লেখ করা হলোঃ

**ভিজিডি কর্মসূচীঃ**

২০১৯-২০২০ অর্থ বছরে ভিজিডি উপকারভোগী মহিলার সংখ্যা ১৮,৯২৪ জন। উপকারভোগী মহিলাগণ প্রতি মাসে ৩০ কেজি চাল খাদ্য সহায়তা হিসাবে মোট ৬৮১৩ মে. চাল প্রদান করা হয়েছে। এছাড়া, ২০২০-২০২১ অর্থ বছরের নভেম্বর মাস পর্যন্ত উপকারভোগী মহিলাগণ প্রতি মাসে ৩০ কেজি চাল খাদ্য সহায়তা হিসাবে মোট ২৮৩৯ মে. চাল প্রদান করা হয়েছে। ভিজিডি উপকারভোগী মহিলাদেরকে খাদ্য সহায়তা প্রদানের পাশাপাশি আয়বর্ধক কাজে সম্পৃক্ত করার লক্ষ্য সরকারের সহিত চুক্তিবদ্ধ এনজিও এর মাধ্যমে আয়বর্ধক প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে।

**‘‘দরিদ্র মার মাতৃত্বকাল ভাতা’’ কার্যক্রমঃ**

২০১৯-২০২০ অর্থবছরে পাবনা জেলার ৯ টি উপজেলায় ৬,৯৩১ জন মহিলাকে প্রতি মাসে ৮০০.০০ টাকা হারে মোট ৬,৬৫,৩৭,৬০০/- (ছয় কোটি পয়ষট্টি লক্ষ সাইত্রিশ হাজার ছয় শত) টাকা প্রদান করা হয়েছে। এছাড়া, ২০২০-২০২১ অর্থ বছরের নভেম্বর মাস পর্যন্ত ১০,৫৮১ জন মহিলাকে প্রতি মাসে ৮০০.০০ টাকা হারে মোট ৪,২৩,২৪,০০০/- (চার কোটি তেইশ লক্ষ চব্বিশ হাজার) টাকা প্রদান করা হয়েছে।

**‘‘কর্মজীবী ল্যাকটেটিং মাদার সহায়তা তহবিল’’ কর্মসূচীঃ**

২০১৯-২০২০ অর্থ বছরে কর্মজীবী ল্যাকটেটিং মাদার সহায়তা তহবিল কর্মসূচীর আওতায় পাবনা জেলার পৌর এলাকাসমূহে ৫০৭৫ জন উপকারভোগী মহিলাকে প্রতি মাসে ৮০০/- টাকা হারে সর্বমোট ৪,৮৭,২০,০০০/- (চার কোটি সাতাশি লক্ষ বিশ হাজার) টাকা প্রদান করা হয়েছে। এছাড়া, ২০২০-২০২১ অর্থ বছরের নভেম্বর মাস পর্যন্ত ৫,৫৭৫ জন মহিলাকে প্রতি মাসে ৮০০.০০ টাকা হারে মোট ২,২৩,০০,০০০/- (দুই কোটি তেইশ লক্ষ) টাকা প্রদান করা হয়েছে।

**ক্ষুদ্র ঋণ কার্যক্রমঃ**

পাবনা জেলার দুঃস্থ মহিলাদের আত্ম-কর্মসংস্থানের জন্য ২০১৯-২০২০ অর্থ বছরে ঘূর্ণায়মান ক্ষুদ্র ঋণ তহবিলে ২,৩০,৬৪,৯৭৮/- (দুই কোটি ত্রিশ লক্ষ চৌষট্টি হাজার নয় শত আঠাত্তর টাকা) টাকা জমা রয়েছে।

## স্বেচ্ছাসেবী মহিলা সংগঠনঃ

পাবনা জেলার মোট স্বেচ্ছাসেবী সমিতির সংখ্যা ২০৬০ টি। ২০১৯-২০২০ অর্থ বছরে স্বেচ্ছোসেবী সমিতিসমূহে মোট ৩৫,৫০,০০০/- (পয়ত্রিশ লক্ষ পঞ্চাশ হাজার) টাকা অনুদান প্রদান করা হয়েছে।

## মহিলা প্রশিক্ষণ কেন্দ্র (WTC):

জেলা পর্যায়ে চলমান জীবিকায়ন কর্মসূচীর মাধ্যমে পাবনা জেলায় দরিদ্র মহিলাদের দক্ষতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ প্রদান করা হয়। ২০১৯-২০২০ অর্থ বছরে ৫টি ট্রেডে মোট ৩০০ জন মহিলা প্রশিক্ষণ গ্রহণ করেছেন। প্রশিক্ষণের ট্রেড সমূহ নিম্নরূপঃ

- ড্রেস মেকিং এন্ড টেইলারিং
- সার্টিফিকেট ইন বিউটিফিকেশন
- ব্লক বাটিক এন্ড প্রিন্টিং
- ফুড প্রসেসিং এন্ড প্রিজারভেশন
- মোবাইল ফোন সার্ভিসিং

## ৪। সমস্যাঃ

*ক) জনবলের অভাবঃ*

পাবনা জেলা উপ-পরিচালকের পদ দীর্ঘদিন ধরে শূন্য রয়েছে। একজন প্রোগ্রাম অফিসারকে এ পদে অতিরিক্ত দায়িত্ব প্রদান করা হয়েছে। এছাড়া, মহিলা অধিদপ্তরের মাঠ পর্যায়ে উপজেলা পর্যায়ে জনবলের সেট আপ থাকলেও ৬৪টি জেলার সদর উপজেলার জন্য কোন জনবলের সেট আপ নেই। সংশ্লিষ্ট উপ-পরিচালক-কে উক্ত জেলার সদর উপজেলার সকল কার্যক্রম দেখাশুনা করতে হয়। ফলে, পাবনা জেলার সার্বিক কাজ ও অন্যান্য কাজের মনিটরিং এ সমস্যা সৃষ্টি হচ্ছে।

*খ) ক্ষুদ্র ঋণ ব্যবস্থাপনা সফটওয়ারের অভাবঃ*

আত্ম-কর্মসংস্থানের জন্য ঘূর্ণায়মান ক্ষুদ্র ঋণ তহবিলের মাধ্যমে দুঃস্থ মহিলাগণকে ঋণ প্রদান করা হয়ে থাকে। কিন্তু, ঘূর্ণায়মান ক্ষুদ্র ঋণ তহবিল ব্যবস্থাপনার জন্য কোন ডেটা বেইজ সফটওয়ার নেই। ঋণের কিস্তি আদায়সহ এ সংক্রান্ত সকল তথ্য ম্যানুয়ালি রেজিষ্টারে লিপিবদ্ধ করার মাধ্যমে ক্ষুদ্র ঋণ তহবিল ব্যবস্থাপনা করা হচ্ছে। এ কাজের জন্য সফটওয়ার প্রয়োজন।

*গ) নিজস্ব অফিস ভবন না থাকাঃ*

পাবনা জেলা মহিলা বিষয়ক কার্যালয়ের নিজস্ব কোন ভবন না থাকায় ভাড়া বাড়ীতে কার্যক্রম চালাতে হচ্ছে।

*ঘ) যানবাহন না থাকাঃ*

মাঠ পর্যায়ে অধিদপ্তরের কার্যক্রম মনিটরিং এর জন্য কোন যানবাহন না থাকায় সমস্যা হয়।

## ৫। সুপারিশঃ

- পাবনা জেলা মহিলা বিষয়ক অধিদপ্তর এর কার্যালয়ে উপ-পরিচালক পদে একজন কর্মকর্তাকে দ্রুত পদায়ন করতে হবে
- দেশের সকল জেলার সদর উপজেলা এবং নতুন সৃষ্ট উপজেলা সমূহের জন্য কোন জনবলের সেট আপ তৈরীর জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের জন্য মহিলা বিষয়ক অধিদপ্তরকে নিদের্শনা প্রদান করা যেতে পারে।
- ঘূর্ণায়মান ক্ষুদ্র ঋণ তহবিল ব্যবস্থাপনার জন্য একটি ডেটা বেইজ সফটওয়ারের সংস্থান করা যেতে পারে।
- পাবনা জেলা মহিলা বিষয়ক অধিদপ্তর এর কার্যালয়ের নিজস্ব ভবন নির্মাণের জন্য উপযুক্ত জমির সংস্থান এবং এর জন্য প্রয়োজনীয় অর্থ বরাদ্দ রাখার জন্য মহিলা বিষয়ক অধিদপ্তরকে নিদের্শনা প্রদান করা যেতে পারে।

- প্রস্তাবিত "মহিলা বিষয়ক অধিদপ্তর শক্তিশালীকরণ" শীর্ষক প্রকল্পের মাধ্যমে মাঠ পর্যায়ে অধিদপ্তরের কার্যক্রম মনিটরিং এর জন্য সকল জেলায় একটি করে যানবাহন এর সংস্থান রাখা যেতে পারে।

১৪/০১/২০২১
(মোঃ মাহমুদ আলী)
যুগ্মসচিব
ফোনঃ ৯৫৫৩৫০৫

বিতরণঃ

১। অতিরিক্ত সচিব (প্রশাসন), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। অতিরিক্ত সচিব (উন্নয়ন ও পরিঃ), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ৩৭/৩, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা।
৪। প্রোগ্রামার, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপিঃ

সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।